



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া
www.doict.sadar.brahmanbaria.gov.bd

জুলাই-২০২৫ মাসে অনুষ্ঠিত ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	সিফাত মোঃ ইশতিয়াক ভূঁইয়া উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৭ জুলাই, ২০২৫ খ্রি.
সভার সময়	১১ ঘটিকায়
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা আইসিটি বিস্তার ও উন্নয়ন সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানে ওয়েব পোর্টাল পরিচালনা সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা সকল সরকারী দপ্তর ও কম্পিউটার ল্যাবসম্মুখে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ রাখা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

পরিদর্শন সংক্রান্ত:

ক্রমিক নং	পরিদর্শনের নাম	উপজেলা নির্বাহী অফিসার	সহকারী প্রোগ্রামার
০১	ইউডিসি পরিদর্শন	০ টি	০ টি
০২	আইসিটি ডিজিটাল ল্যাব পরিদর্শন	০ টি	৩ টি

ক্র.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য: এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী, সকল ধরনের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.২। যেসকল দপ্তরের বাতায়ন রিপোর্ট ১০০ ভাগের নিচে তাদের দ্রুত হালনাগাদ করতে হবে। প্রয়োজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ে যোগাযোগ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ১.৩। যেসকল দপ্তরের বাতায়ন রিপোর্টে সম্পূর্ণতার হার ১০০ ভাগ, সেসকল দপ্তর প্রতিটি লিংক এ ক্লিক করে চেক করত হবে যে, লিংকে প্রদত্ত তথ্য হালনাগাদ রয়েছে কিনা? হালনাগাদ না থাকলে হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধানগণ (সকল) ও ইউনিয়ন উদ্যোক্তাগণ
০২	ই-নথি সিস্টেমের বাস্তবায়ন: সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ডি-নথি সিস্টেম) স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ।	২.১। উপজেলার যে সকল সরকারী দপ্তর সমূহ নথির লাইভে রয়েছে তাদের সকল দাপ্তরিক কার্যক্রম ই-নথি সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধানগণ

০৩	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি ডিজিটাল ল্যাব সহ অন্যান্য সকল কম্পিউটার ল্যাব সমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ: প্রযুক্তি নির্ভর শিক্ষার সম্প্রসারণ, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ভূমিকা রাখার তাগিদে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকার কর্তৃক আইসিটি ডিজিটাল ল্যাব ও অন্যান্য কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। তাই সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসই করণ অত্যন্ত জরুরী বিধায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৩.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তালিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ৩.২। বেকার অথবা আগ্রহী তরুণ-তরুণীদের জন্য বিনামূল্যে অথবা নির্দিষ্ট ফি এর বিনিময়ে ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান, সদর, ব্রাহ্মণবাড়িয়া।
০৪	ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড: ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৪.১। উদ্যোক্তাগণকে ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়।	চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ

অতপর আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সিফাত মোঃ ইশতিয়াক ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার

নম্বর: ৫৬.০৪.১২১৩.০০০.০০০.০৬.০০০১.২৩

তারিখ: _____

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলাপ্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।।
- ৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। উপজেলা আইসিটি কমিটির সদস্যবৃন্দ, সদর, ব্রাহ্মণবাড়িয়া।

মো: জাহিদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার